



'তারপর' শিরোনামে ভিন্নধর্মী প্রদর্শনী ঘুরে দেখছেন আমন্ত্রিত অতিথিরা

—ইত্তেফাক

উপকূলীয় নারীর জীবন নিয়ে ভিন্নধর্মী প্রদর্শনী

■ ইত্তেফাক রিপোর্ট

হাওয়া, হাসিনা, খুকু রানি, নাসিমা, নূর চেহারা, পারভীন, রোকসানা, সালমা, শাহিদা, সীমা, জাকিয়া, ও জুলেখা পটুয়াখালী জেলার কাটাখালী গ্রামের ১২ জন নারী। উপকূলীয় এই নারীদের জীবন নানা বন্ধনায় পূর্ণ। তারা এখন বয়স্ক শিক্ষাকেন্দ্রে থেকে লিখতে শিখেছেন। শাড়ির ওপর তাদের সেই লেখা, হাতের ছাপ আর ব্লকছাপ ব্যবহার করে তাদের বন্ধনার কথা বিশ্বময় পৌঁছে দিতে সচেষ্ট হয়েছেন বাংলাদেশ আমেরিকান শিল্পী ও মানবাধিকার কর্মী মনিকা জাহান বোস। গতকাল মঙ্গলবার জাতীয় যাদুঘরে ১৫৪ হাত দৈর্ঘ্যের সেই শাড়ি এবং দুটি তথ্যচিত্র নিয়ে শিল্পীর ভিন্নধর্মী এক প্রদর্শনীর উদ্বোধন হয়।

'তারপর' শিরোনামে পাঁচদিনব্যাপী এই প্রদর্শনী উদ্বোধনকালে আরও উপস্থিত ছিলেন উদ্যমে উত্তরণে শতকোটির বাংলাদেশি আহবায়ক খুশী কবির, সাহিত্যিক নূরজাহান বোস, জাতীয় যাদুঘরের মহাপরিচালক ফয়জুল রতিফ চৌধুরী, তথ্যচিত্র নির্মাতা নন্দিতা আহমেদ। শিল্পী মনিকা জাহান বোস জানান, 'শাড়ির মধ্যে জীবনগাথা' প্রকল্পটির অংশ এই প্রদর্শনী। এই প্রকল্পটি কাটাখালী গ্রাম পটুয়াখালী জেলার নারীদের সঙ্গে সহযোগিতাভিত্তিক উদ্যোগ। শিল্পী মনিকা জাহান বোসের মা, নূরজাহান বোস ('আগুনমুখার মেয়ে'র রচয়িতা) এ গ্রামে জন্মেছেন ও বড় হয়েছেন। যার জন্যই এ নারীদের প্রতি তার আগ্রহ। শিল্পীর

উদ্দেশ্য নারীর জীবন কাহিনীকে প্রাধান্য দিয়ে নারীর অধিকার ও জলবায়ু পরিবর্তনে নারীর অবস্থা সম্পর্কে পৃথিবীর মানুষদের সচেতন করা। সকলকে কাছাকাছি নিয়ে আসা। উদ্দেশ্য সফল করতে এই শাড়ি দিয়েই ওয়াশিংটন ডিসি'র ইমার্জ আর্ট ফেয়ার, নিউ ইয়র্কের ব্রুকলিন মিউজিয়াম ও ডাছো আর্ট ফেস্টিভ্যাল, নিউ জার্সির গেটওয়ে আর্ট সেন্টার এবং মায়ামির আর্ট বাসেনসহ যুক্তরাষ্ট্রের বিভিন্ন জায়গায় অভিনয় শিল্পের উপস্থাপন করেন তিনি। এতে অংশ নেন সে দেশের নারীরাও।

খুশী কবির বলেন, উদ্যমে উত্তরণে শতকোটি - বিশ্বব্যাপী নারীর প্রতি চলমান সহিংসতা প্রতিরোধে সংগঠিত প্রচারণা আন্দোলন 'ওয়ান বিলিয়ন রাইজিং'-এর সাথে একাত্ম বাংলাদেশি নারী ও পুরুষদের সহিংসতা প্রতিরোধ প্রচারণা কর্মসূচি। উদ্যমে উত্তরণে শতকোটি - নারীর প্রতি সহিংসতা বন্ধের লক্ষ্যে প্রতি বছর সুনির্দিষ্ট বিষয়ভিত্তিক মোবিনাইজেশনের মাধ্যমে সচেতনতা সৃষ্টিমূলক সাংস্কৃতিক কর্মকাণ্ড। এবছর এই প্রদর্শনীকে উদ্যমে উত্তরণে শতকোটির অংশ করেছেন তারা। আগামী ১৪ ফেব্রুয়ারি, বিশ্ব ভালবাসা দিবসে এই শাড়ি দিয়ে শিল্পী মনিকা জাহান বোস বাংলাদেশ জাতীয় যাদুঘরের সামনে একটি অভিনয় শিল্প পরিবেশন করবেন। ১২ ফেব্রুয়ারি সকাল ১১টায় ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে অনুষ্ঠিত হবে সাংবাদিক সম্মেলন। প্রদর্শনী দেখা যাবে প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত। শুক্রবার আড়াইটা থেকে সাড়ে ৭টা পর্যন্ত।